

নং: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.০৭১.১৫-৭৫৩


তারিখ: ১৭ কার্তিক ১৪২৬
০৪ নভেম্বর ২০১৯

প্রজ্ঞাপন

গত ১১/১০/২০১৯ তারিখ ৩২ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব হাবিবুর রহমান মিজান এবং গত ১৯/১০/২০১৯ তারিখ ৩৩ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব তারেকুজ্জামান রাজিব আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর হাতে গ্রেফতার হয়েছেন মর্মে বিভিন্ন সংবাদ মাধ্যমে সংবাদ প্রকাশিত হয়েছে। উক্ত কাউন্সিলরদের অনুপস্থিতির কারণে বিভিন্ন নাগরিক সেবা প্রদান বন্ধ রয়েছে। এছাড়াও উক্ত কাউন্সিলরদের অনুপস্থিতির কারণে ফুটপাথ দখলমুক্ত করা, বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমের তদারকি এবং চলমান মশক নিধন কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে।

২.০ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.২২.২২৮.১২(অংশ-১).১২৪৫, তারিখ : ১৪ অক্টোবর ২০১৮ এর নির্দেশনা এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৭ এর উপধারা (২) মোতাবেক জনাব মো: নূরুল ইসলাম রতন, সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং-২৯, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন'কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিজ দায়িত্বসহ ৩২ ও ৩৩ নং ওয়ার্ডের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হলো।

৩.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।



(রবীন্দ্রপ্রী বড়ুয়া)
সচিব

ফোন-৮৮৩৪৯৩০

secretary@dncc.gov.bd

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মো: নূরুল ইসলাম রতন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৯, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং...../সংরক্ষিত আসন নং....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল),..... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল..... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। প্রজ্ঞাপনটি ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯. অফিস কপি।